



# ইসলামিক ফাউন্ডেশন

প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।  
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

## ॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

### জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত-

বাংলাদেশের আকাশে আজ পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা গেছে  
আগামীকাল ১৬ জুন শনিবার সারাদেশে পবিত্র ঈদুল ফিতর

ঢাকা, শুক্রবার, ১৫ জুন ২০১৮ ॥

বাংলাদেশের আকাশে আজ ১৪৩৯ হিজরি সনের পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা গেছে। ফলে আগামীকাল ১৬ জুন শনিবার থেকে পবিত্র শাওয়াল মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামীকাল ১৬ জুন শনিবার সারাদেশে পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হবে।

আজ সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররমছ সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি অধ্যক্ষ মতিউর রহমান।

সভায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বজলুল হক হারুন এমপি, ধর্মসচিব মোঃ আনিছুর রহমান, ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল, তথ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ মিজান-উল-আলম, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক মোঃ শাখাওয়াত হোসেন, উপ-ওয়ার্কফ প্রশাসক দেওয়ান মোঃ আব্দুস সামাদ, অতিরিক্ত প্রধান তথ্য কর্মকর্তা ফজলে রাব্বী, মন্ত্রিপরিষদ বিভাগের উপ-সচিব মোহাম্মদ কামরুল হাসান, ঢাকা আলিয়া মাদ্রাসার প্রিন্সিপাল প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের এসএসও আবদুল্লাহ ইউসুফ ইমাম, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক সামছুদ্দিন আহমেদ, ঢাকা জেলার এডিসি (জেনারেল) মোঃ শাহিদুজ্জামান, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম হাফেজ মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান, চকবাজার শাহী জামে মসজিদের খতিব মাওলানা শেখ নাজিম রেজওয়ান ও লালবাগ শাহী জামে মসজিদের খতিব কুরী আবু রায়হান প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় ১৪৩৯ হিজরি সনের পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর ৬৪ জেলা কার্যালয়, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে সিদ্ধান্ত গৃহীত হয় যে, অদ্য ২৯ রমজান ১৪৩৯ হিজরি, ১ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ, ১৫ জুন ২০১৮ খ্রিস্টাব্দ শুক্রবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা গেছে। এমতাবস্থায়, আগামীকাল ২ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ, ১৬ জুন ২০১৮ খ্রিস্টাব্দ শনিবার থেকে পবিত্র শাওয়াল মাস গণনা শুরু হবে।

প্রেক্ষিতে, আগামী ১ শাওয়াল ১৪৩৯ হিজরি, ২ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ, ১৬ জুন ২০১৮ খ্রিস্টাব্দ শনিবার সারাদেশে পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হবে।

সভাশেষে ধর্মমন্ত্রী দেশবাসীকে ঈদুল ফিতরের শুভেচ্ছা জানান।

(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক, জনসংযোগ

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২